



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

উন্নত পল্লী উন্নত দেশ
বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ


নৈতিকতা কমিটির সভার কার্যপত্র

সভাপতি : জনাব আবদুর রশিদ
পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
তারিখ : ২২/০৯/২০২২ খ্রি.।
সময় : বেলা ১২:০০ টা।
সভার স্থান : পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ।

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বিআরডিবি'র NIS টিমের সদস্য সচিব ও উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) জনাব মোঃ নুরুজ্জামান-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় ২০২২-২০২৩ অর্থবছরের ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর/২০২২) এর সকল সিদ্ধান্ত বাস্তবায়নের বিস্তারিত ব্যাখ্যা উপস্থাপন করেন, অন্যান্য সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভাপতি NIS এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদানসহ প্রমাণক প্রেরণের উপর গুরুত্বারোপ করেন। সকল শাখা/জেলাদপ্তর হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক প্রেরণ করার জন্যও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

১. ২০২২-২০২৩ অর্থবছরের বিআরডিবি'র জাতীয় শুদ্ধাচার কৌশল এর কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে কর্মপরিকল্পনার কপি দ্রুত প্রেরণ করতে হবে;
২. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত প্রতি কোয়ার্টারে অন্তত: ১টি করে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভার আয়োজন করতে হবে;
৩. জেলা কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা আয়োজন করতে হবে;
৪. কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুজ্ঞ অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াসরুমের ব্যবস্থা করা ইত্যাদি) বিষয়ে পিপিআর অনুসরণপূর্বক নিলামের মাধ্যমে টিওএন্ডইভুজ্ঞ অকেজো মালামাল নিষ্পত্তি করতে হবে;
৫. বিআরডিবিতে মহিলাদের জন্য ০২টি পৃথক ওয়াসরুমের ব্যবস্থা করতে হবে;
৬. প্রকল্পের PIC সভা আয়োজন করতে হবে এবং কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে;
৭. সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং যানবাহন ব্যবহারে কৃচ্ছতা সাধন করতে হবে;
৮. প্রণোদনা ঋণ বিতরণ কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে নতুন করে ৮টি উপজেলায় প্রোফাইল ও জরীপ প্রতিবেদন এবং সরেজমিনে ভিজিট করা এবং ঋণ বিনিয়োগে ডিডি, ইউআরডিও, স্থানীয় সুশীল সমাজ ও বিআরডিবি'র অংশীজনের উপস্থিতিতে কর্মকান্ড এলাকায় সভা আয়োজন করতে হবে এবং যে এলাকার ঋণ বিতরণ/ পুন বিনিয়োগ সম্ভব হবে প্রয়োজনে সে এলাকার কাজ দ্বারা লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে;

৯. শুদ্ধাচারের প্রতিটি সূচকের প্রমাণক আবশ্যিকভাবে প্রেরণের জন্য জেলা-উপজেলায় উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) এর স্বাক্ষরে পত্র প্রেরণ করতে হবে;
১০. জাতীয় সম্পদ ব্যবহারে সচেতন হতে হবে অর্থাৎ সকলকে বিদ্যুৎ, পানি, জ্বালানী ও গ্যাস সাশ্রয় নিশ্চিত করতে হবে;




আবদুর রশিদ
পরিচালক (প্রশাসন)

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.২২.৩৯৮.১৯. ৭৫২৩

তারিখঃ ২৩/০৯/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রকল্প/কর্মসূচি পরিচালক বিআরডিবি, ঢাকা/গাইবান্ধা/ফরিদপুর।
২. উপপরিচালক বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (সকল), জেলাদপ্তর বিআরডিবি।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. পরিচালক (প্রশাসন/সরেজমিন/অর্থ/পরিকল্পনা/প্রশিক্ষণ) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সংশ্লিষ্ট নথি।



মোঃ নূরুজামান

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা)